MDF Training & Consultancy

আমাদের সেবাসমূহ

এমডিএফ ট্রেনিং এবং কনসালটেন্সি ব্যক্তি, প্রতিষ্ঠান, দল এবং নেটওয়ার্কের চাহিদা বিবেচনা করে বৃহত্তর পরিসরে প্রশিক্ষণ, সহায়তা এবং পেশাগত পরামর্শক হিসেবে সেবাপ্রদান করে থাকে। সহযোগীদের সাথে কর্ম পরিবেশের বিভিন্ন পর্যায়ের বিন্যাসের কারনে আপনার ব্যক্তিত্ব ও ভূমিকা যে ভাবে পরিবর্তিত হয় তা চিহ্নিত করে আমরা আপনার ব্যক্তিত্বের সাথে পরিচিত হতে সহায়তা করে থাকি।

- কর্মী ব্যবস্থাপনা, নেতৃত্ব এবং দলের কর্ম ক্ষমতার উন্নয়ন
- নিজ প্রতিষ্ঠানের সামর্থ্যের মূল্যায়ন
- নিজ প্রতিষ্ঠানের কর্মকৌশল নির্ধারণ
- অংশীদার এবং নেটওয়ার্ক ব্যবস্থাপনা

১. ব্যবস্থাপনা উপদেষ্টা

১.১. প্রতিষ্ঠান এবং কর্মী ব্যবস্থাপনা

✓ আমরা সুগভীর জ্ঞান এবং অভিজ্ঞতার ভিত্তিতে ব্যক্তি, প্রতিষ্ঠান এবং সহযোগীদের সামর্থ যাচাই সেবা প্রদান করে থাকি

✓ আমরা নেতৃত্ব এবং ব্যবস্থাপনা যোগ্যতাকে অধিক কার্যকর করার জন্য চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানে সক্ষম

✓ আমরা প্রতিষ্ঠানের কর্মকৌশল, বাস্তবায়ন কার্যপ্রণালী, পরিবর্তিত প্রক্রিয়ার ব্যবস্থাপনা, নেতৃত্ব উন্নয়ন, দলের কার্যকারিতা বৃদ্ধি এবং অংশীদারিত্ব ব্যবস্থাপনার জন্য ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে থাকি

১.২. কর্মসূচি এবং প্রকল্প ব্যবস্থাপনা

প্রকল্প চক্রের সকল স্তরে অংশগ্রহণমূলক এবং ফলাফল ভিত্তিক পদ্ধতি প্রয়োগ করে আপনার প্রকল্প এবং কর্মসূচিকে আরো কার্যকরভাবে ব্যবস্থাপনা করতে এমডিএফ ট্রেনিং এবং কনসালটেন্সি সহায়তা করবে।

✓ প্রকল্প থেকে প্রাপ্ত শিক্ষাকে ব্যবহার করে জবাবদিহিতা নিশ্চিত করা এবং প্রকল্পের সকল শাখাকে সংযুক্ত করে প্রকল্প ব্যবস্থাপনা করতে আমরা সহায়তা প্রদান করি

✓ আমরা নতুন ধরণের যা ব্যাপকভাবে অংশগ্রহণ মূলক মনিটরিং এবং মূল্যায়নের অভিজ্ঞতা প্রদানে সক্ষম

✓ পুরো প্রক্রিয়াটি ফলাফলমুখী যা কর্মীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে আর্জিত হয়ে থাকে এবং প্রক্রিয়াটি পুরোপুরি প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে থাকে

কর্মসূচি এবং প্রকল্প চক্র

প্রকল্প চক্রের বিভিন্ন পর্যায়ে আমাদের কিছু নির্বাচিত সেবার তালিকা নিম্নে উল্লেখ করা হয়েছে।

১. প্রেক্ষাপট বিশ্লেষণে সহায়তা করা
২. থিওরি অফ চেঞ্জ তত্ত্ব ব্যবহারে সহায়তা করা
৩. যৌথভাবে ফলাফল কাঠামো প্রণয়ন করা
৪. যৌথভাবে মনিটরিং এর রূপরেখা তৈরি

১.৩. সম্পদ সঞ্চালন

পরিবর্তিত পেক্ষাপটে আপনার প্রতিষ্ঠানের সকল সম্পদের মৌলিক এবং বহুমাত্রিক উৎস তৈরি করা প্রয়োজন হতে পারে। প্রতিষ্ঠানের নির্দিষ্ট চাহিদা পূরণে অর্থনৈতিক সম্পদ এবং সঞ্চালন বিষয়ে আপনার পদক্ষেপ কী?

✓ সৃজনশীল, পরীক্ষিত এবং বিশেষভাবে আপনার চাহিদার প্রতি লক্ষ্য রেখে তৈরি আমাদের কৌশলগত পদ্ধতি আপনাকে সহায়তা করবে

✓ কৌশলগত নীতি নির্ধারণ থেকে একটি বিশেষ যোগ্যতা অর্জন সকল ক্ষেত্রেই আমরা সমন্বিত সমাধান পদ্ধতি ব্যবহার করি

✓ আমরা সাম্প্রতিক, পরীক্ষিত পদ্ধতি এবং উপকরণ ব্যবহার করি

✓ আমাদের বিশেষজ্ঞগণ ব্যবহারিক জ্ঞানের ভিত্তিতে প্রশিক্ষণ এবং পরামর্শ প্রদান করে থাকে

১.৪. এ্যাডভোকেসি এবং নীতি প্রভাবক কৌশল

এ্যাডভোকেসি এবং নীতি প্রভাবক প্রক্রিয়ার চর্চা এবং ফলাফল সম্পর্কে পূর্বানুমান সকলক্ষেত্রে সম্ভব হয় না। এধরণের প্রোগ্রাম সাধারণত সদা পরিবর্তনশীল পরিবেশ এবং জটিল নেটওয়ার্কের মধ্যে বাস্তবায়ন করা হয়ে থাকে। এক্ষেত্রে ফলাফল নির্ধারণ, যোগাযোগ, নিয়মিত কৌশল নির্ধারণ, প্রোগ্রামের ধারণা ও বাস্তবায়ন সংক্রান্ত অগুণিত সমস্যার মুখোমুখি হতে হয়। এই প্রেক্ষিতে আমরা আপনি এবং আপনার নেটওয়ার্কের সহযোগীদের ক্ষমতায়নের জন্য নীতি প্রভাবক কৌশল থেকে শিক্ষা নিয়ে সহায়তা করতে পারি।

- ✓ বহু বছরের ব্যবহারিক অভিজ্ঞতার ভিত্তিতে আমরা রাজনৈতিক প্রেক্ষাপট বিশ্লেষণ করে কৌশলগত সহযোগী নির্বাচন এবং নেটওয়ার্ক ও অংশীদারিত্বে ব্যবস্থাপনায় সহায়তা করতে পারি
- ✓ আমাদের ব্যাপক অভিজ্ঞতা রয়েছে থিওরী অফ চেঞ্জ, মনিটরিং, মূল্যায়ন, প্রক্রিয়ার রূপরেখা প্রণয়ন, এ্যাডভোকেসি এবং নীতি প্রভাবক কৌশল নিয়ে কাজ করার
- ✓ টেকসই উন্নয়নের জন্য আমরা পেশাগত যোগাযোগ এবং মধ্যস্থতার জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকি

২. প্রশিক্ষণ

২.১. দেশের অভ্যন্তরীন কোর্স

আপনি কী আপনার এবং আপনার প্রতিষ্ঠানের কর্মীদের দক্ষতা উন্নয়ন নিয়ে ভাবছেন? এমডিএফ ট্রেনিং এন্ড কনসালটেন্সি ব্যাপক পরিসরে ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করে থাকে। আপনি আমাদের উন্মুক্ত প্রশিক্ষণ কোর্সে অংশ নিতে পারেন, আপনার জন্য বিশেষায়িত কোর্সের পরিকল্পনা করতে পারেন অথবা আমাদের সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ পরিচালনা করতে পারেন।

- ✓ আমরা প্রতিষ্ঠান এবং ব্যক্তি পর্যায়ের শিখন প্রয়োজন নির্ধারণ করে থাকি
- ✓ আমরা প্রশিক্ষণার্থীর অভিজ্ঞতাকে শিখন প্রক্রিয়ার ভিত্তি এবং চালিকা শক্তি হিসেবে বিবেচনা করি
- ✓ আমরা শিখন সহায়ক পরিবেশের নিশ্চয়তা প্রদান করি

২.২. বিশেষায়িত প্রশিক্ষণসমূহ

প্রতিটি প্রতিষ্ঠানই তার নিজস্ব প্রেক্ষাপটে কিছু চ্যালেঞ্জ এবং সুযোগের মুখোমুখি হয়। যে কারণে আমাদের প্রশিক্ষণসমূহ প্রতিষ্টানের উদ্দেশ্য এবং সামর্থ্যকে বিবেচনা করে বিশেষভাবে পরিকল্পনা করে তৈরি করা হয়। প্রাতিষ্ঠনিক উন্নয়ন, সম্পদ সঞ্চালন, ব্যবস্থাপনা বিষয়ক সকল ক্ষেত্রে আমরা প্রশিক্ষণ প্রদান করে থাকি। আমরা প্রশিক্ষকের জন্য প্রশিক্ষণ আয়োজন করে থাকি যেন আপনি নিজেই প্রশিক্ষণ পরিকল্পনা ও আয়োজন করতে পারেন।

- ✓ আমরা প্রশিক্ষণার্থীর বর্তমান সময়ের চাহিদা, অভিজ্ঞতার প্রেক্ষাপট এবং সংস্কৃতির প্রতি সংবেদনশীল
- ✓ আমরা শিখন সহায়ক পরিবেশের নিশ্চয়তা প্রদান করি
- ✓ আমরা প্রশিক্ষণার্থীর অভিজ্ঞতাকে শিখন প্রক্রিয়ার ভিত্তি এবং চালিকা শক্তি হিসেবে বিবেচনা করি

৩. মূল্যায়ন

এমডিএফ ট্রেনিং এন্ড কনসালটেন্সি আপনার প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মসূচির বাস্তবায়ন এবং অভিজ্ঞতার কার্যকারীতা নিরূপনে সহায়তা করতে পারে। আমরা যৌথ উদ্যোগে বেস লাইন এবং মূল্যায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন করে থাকি যেন আপনি দায়বদ্ধতা নিশ্চিত করে অতীত অর্জন থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতের পরিকল্পনা করতে পারেন।

- ✓ আমরা সব ধরণের প্রাতিষ্ঠনিক মূল্যায়ন নিয়ে কাজ করে থাকি (বেস-লাইন, মিড-লাইন এবং চুড়ান্ত মূল্যায়ন)
- ✓ আমাদের পরীক্ষিত মূল্যায়ন পদ্ধতির মাধ্যমে আমরা জটিল এবং সামাজিক পরিবর্তনের সকল দিক তুলে ধরতে পারি
- ✓ আমরা সামাজিক পরিবর্তনের বিষয়ে আপনাকে সঠিকভাবে অবহিত করে আপনার ভুমিকার অবদান তুলে ধরতে সহায়তা করি
- ✓ আমরা পরবর্তী ধাপের উন্নয়ন পরিকল্পনার জন্য মূল্যায়নের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে করণীয় নির্ধারণে সহায়তা করে থাকি

৪. বাস্তবায়ন সহযোগী

ইতিবাচক সামাজিক উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে এমডিএফ ট্রেনিং এন্ড কনসালটেন্সি সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন ধরণের কর্মসূচির পরিকল্পনা এবং বাস্তবায়ন করতে পারে। আমরা এধরণের কর্মসূচির জন্য সঠিক সহযোগী নির্বাচন, অর্থ যোগানদাতা সন্ধান এবং দেশীয় সহযোগীদের সামর্থ্য বৃদ্ধিতে কাজ করতে পারি।

- ✓ আমরা দীর্ঘমেয়াদী ও টেকসই সম্পর্কের নিশ্চয়তা প্রদান করি যা পরিপূরক এবং পারস্পরিক মিথস্ক্রিয়া ও শ্রদ্ধাবোধের ভিত্তিতে গড়ে ওঠে
- ✓ দাতাসংস্থার চাহিদা অনুযায়ী বাস্তব অভিজ্ঞতা, জ্ঞান এবং দক্ষতার ভিত্তিতে আমরা প্রজেক্ট প্রাপ্তি, ব্যবস্থাপনা এবং মনিটরিং ও মূল্যায়নের জন্য সহায়তা করে থাকি
- ✓ আমরা ব্যবহারিক এবং সামগ্রিক পদ্ধতিতে ব্যক্তি, প্রতিষ্ঠান এবং নেটওয়ার্কের সামর্থ্য বৃদ্ধিতে সহায়তা করি

এমডিএফ ট্রেনিং এন্ড কনসালটেন্সি এবং প্রদত্ত সেবা সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

ফ্রিজিয়া তালুকদার, +৮৮০১৭৮৭৬৫৭৭৬৬, frizea.mdfsa@gmail.com, Apt - A5, Plot - 2E, Road - 29, Gulshan 1, Dhaka